

দিন ... ..  
পৃষ্ঠা ১ কলাম ৪



শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এহসানুল হক মিলন  
৩১-৫-০২ তারিখে এইচএসসি পরীক্ষায় নকল ধরতে গিয়ে  
আহত তেলিগাতি ডিমি কলেজের শিক্ষক আবুল  
কাশেমকে দেখতে যান। — সংবাদ

## মমেক হাসপাতাল

### নকল ধরাকে কেন্দ্র করে আহত শিক্ষকের পাশে শিক্ষা প্রতিমন্ত্রী

ময়মনসিংহ থেকে নিজস্ব বার্তা  
পরিবেশক : শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম.  
এহসানুল হক মিলন ৩১-৫-০২ তারিখে আহত কলেজ  
শিক্ষক আবুল কাশেমকে দেখতে  
ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে  
যান। এইচএসসি পরীক্ষায় এক ছাত্রদল  
নেতার নকল ধরার পর নেত্রকোনার  
তেলিগাতি ডিমি কলেজের প্রভাষক আবুল  
কাশেম সন্ত্রাসীদের হামলায় মারাত্মক  
আহত হন।

এ সময় আহত শিক্ষককে সান্দ্রনা দিয়ে  
শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, সরকার পরীক্ষায়  
নকল প্রতিরোধ করতে বৃদ্ধিপরিকর।  
আগামী জাতীয় শিক্ষা দিবসে নকল  
প্রতিরোধকারী নির্বাচিত শিক্ষকদের সরকার  
পুরস্কৃত করবে। এ সময় মাধ্যমিক ও উচ্চ  
মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার চেয়ারম্যান  
প্রফেসর জুনায়েদ প্রতিমন্ত্রীর সঙ্গে ছিলেন।  
প্রতিমন্ত্রী ঘটনার মূল আসামি নয়নকে  
শ্রেণীভায়ে জন্য ১০ হাজার টাকা পুরস্কার  
ঘোষণা করেন এবং শ্রেণীভায়ে পর  
সামারি কোর্টে মাথলা দায়ের করে  
দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের নির্দেশ দেন।  
প্রতিমন্ত্রী আহত শিক্ষকের চিকিৎসার  
যাবতীয় ব্যয় বহনের আশ্বাস দেন এবং  
চিকিৎসার জন্য আর্থনিকভাবে ১০ হাজার  
টাকা প্রদান করেন। উল্লেখ্য, গত ৩০শে  
মে নেত্রকোনা জেলার আটপাড়া কলেজ  
কেন্দ্রে এক ছাত্রকে নকলের দায়ে বহিষ্কার  
করা হলে ৫ই জুন প্রকাশ্যে ছাত্রদলের এক  
নেতার নেতৃত্বে একদল সন্ত্রাসী কুপিয়ে উক্ত  
শিক্ষককে মারাত্মকভাবে আহত করে।